**অতীব জরুরি**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৫**
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৯.১৮.০২২.১৪(অংশ)-২৯৫

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২২ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ এসডিজি সূচকের জন্য মন্ত্রণালয় ও অধীনস্ত কার্যালয়সমূহে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীর ডাটা প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ শাখা-২ এর স্মারক নম্বর ০৫.০০.০০০০.০০০.১৯৮.৯৯.০০১.২১.১৭, তারিখ ০৯.০৫.২০২৩ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে আইন ও বিচার বিভাগ এর অধীন অধিদপ্তর,পরিদপ্তর, মাঠ পর্যায়ের কার্যালয়, স্বায়ত্তশাসিত সংস্থা, কর্পোরেশন এবং সম্পৃক্ত কর্পোরেশনে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীর সংযুক্ত ছক মোতাবেক তথ্যাদির হার্ড কপি ও সফটকপি (ই-মেইল section5@lawjusticediv.gov.bd) জরুরি ভিত্তিতে ৩ (তিন) কার্যদিবসের মধ্যে এ বিভাগের সিনিয়র সহকারী সচিব (প্রশাসন), বিচার শাখা-৫ বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ ফর্দ (ছক)।

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
বিচার শাখা-৫
section5@lawjusticediv.gov.bd
ফোন-২২৩৩৫৭৪২০(অঃ)

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. যুগ্মসচিব (প্রশাসন-২), আইন ও বিচার বিভাগ।
২. মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
৩. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।
৪. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. প্রশাসনিক কর্মকর্তা, অ্যাটর্নি জেনারেল কার্যালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট ও হাইকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।

**জ্ঞাতার্থেঃ**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
২. অফিস কপি।

জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা-২
www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৮.৯৯.০০১.২১.১৭

তারিখঃ ২৬ বৈশাখ ১৪৩০
০৯ মে ২০২৩

বিষয়: এসডিজি সূচকের জন্য মন্ত্রণালয় ও অধীনস্ত কার্যালয়সমূহে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীর ডাটা প্রেরণ।

সূত্র: ১। আইন ও বিচার বিভাগ-এর বিচার শাখা-৫ এর ১০.০০.০০০০.১২৯.১৮.০২২.১৪(অংশ).৫৬, তারিখ ২২ জানুয়ারি, ২০২৩।
২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ-২ শাখার ০৫.০০.০০০০.১৯৮.৯৯.০০১.১৯.৫৮ তারিখ ২৭ জুলাই ২০২২।
৩। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয়ের ডিও নম্বর - ০৩.০০.২৬৯০.০৪৩.৪৬.০০২.২৩-৩৭, তারিখ ২৭ এপ্রিল, ২০২৩।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে জনপ্রশাসন মন্ত্রণালয় এসডিজি ১৬.৭.১ সূচকের জন্য লীড মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত। ১৬.৭.১ সূচকটি হচ্ছেঃ "Proportions of Positions in nation al and local institutions, including (a) the legislatures; (b) the public service; and (c) the judiciary, compared to national distributions, by sex, age, persons with disabilities and population groups'' '(b) the public service' অর্থাৎ জাতীয়ভাবে বণ্টনের তুলনায় (ক) সংসদ (খ) সরকারি চাকুরি ও (গ) বিচার বিভাগসহ জাতীয় ও স্থানীয় প্রতিষ্ঠানগুলোতে লিঙ্গ বয়স, প্রতিবন্ধী ব্যক্তি ও জনগোষ্ঠী ভেদে পদের অনুপাত।

২। এসডিজি ১৬.৭.১ সূচকের '(b) the public service' সাব-কম্পনেন্টের জন্য সকল সরকারি চাকরিজীবীদের লিঙ্গ, বয়স, প্রতিবন্ধিতা ও জনগোষ্ঠির শ্রেণি সম্পর্কিত ২০২১ সালের disaggregated (বিসমষ্টিকৃত) ডাটা প্রয়োজন। বর্ণিত ডাটা সংগ্রহের জন্য একটি ডাটা-ছক প্রস্তুত করে ৩১/১০/২০২১তারিখের ০৫.০০.০০০০.১৯৮.৯৯.০০১.২১.৫৮ নম্বর স্মারকে তথ্য চাওয়া হয়। উক্ত তথ্য দেশের সকল মন্ত্রণালয়/ বিভাগ ও এর অধীনস্ত কার্যালয় হতে সংগ্রহ করে বিশ্লেষণ ও BBS দ্বারা validation এর পর প্রাপ্ত মেটা ডাটা SDG Tracker এ আপলোড করা হয়ে থাকে। ২০১৯ সালে একইভাবে আপনার মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল অফিসের তথ্যসহ সমগ্র দেশের তথ্য SDG Tracker-এ আপলোড করা হয়েছে। উক্ত মেটা ডাটা প্রস্তুতির জন্য জাতিসংঘের সুনির্দিষ্ট গাইড-লাইন রয়েছে। উক্ত গাইড-লাইন অনুসারে front-desk service provider এর একটি গুরুত্বপূর্ণ অনুসঙ্গ হলো দেশে কর্মরত সকল সাব-রেজিস্টারদের তথ্য। এছাড়াও আইন ও বিচার বিভাগের আওতাধীন দপ্তরসমূহের প্রশাসনিক কার্যক্রমে জড়িত প্রজাতন্ত্রের কর্মচারীদের তথ্যও মেটাডাটায় সন্নিবেশ করতে হয়। যথাযথ তথ্য না পাওয়া যাওয়ায় ০২ নম্বর সূত্র মোতাবেক আপনার কার্যালয়ে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছিল। সর্বশেষে আপনার কার্যালয় হতে ০১ নম্বর সূত্র অনুযায়ী ২২ জানুয়ারি ২০২৩ তারিখে এসংক্রান্ত একটি প্রতিবেদন পাওয়া যায়। কিন্তু উক্ত প্রতিবেদন অসম্পূর্ণ- এতে

চলমান পাতা-২

সাবরেজিস্ট্রার সহ আপনার মন্ত্রণালয়ের আওতাধীন অনেক অফিসের প্রশাসনিক কাজে নিয়োজিত প্রজাতন্ত্রের কর্মচারীদের ডাটা পাওয়া যায়নি। ২০১৯ সালে প্রদত্ত তথ্যের অনুসরণে ২০২১ সালের তথ্য মেটা ডাটা SDG Tracker এ আপলোডের জন্য পূর্ণাঙ্গ প্রতিবেদন অনতিবিলম্বে প্রয়োজন। এ বিষয়ে সূত্রোক্ত ০৩ নম্বর স্মারকে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয় জরুরি ভিত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয়কে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এর ১৬.৭.১ সূচকের লিড মন্ত্রণালয় হিসেবে এসডিজি বাস্তবায়ন অগ্রগতি, সম্ভাব্য চ্যালেঞ্জসমূহ ও উত্তরণের উপায় এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সংক্রান্ত কর্মশালা/সেমিনার/সভা আয়োজনের নিমিত্ত ডিও দিয়েছেন। এরপূর্বেই এসডিজি সংক্রান্ত সকল তথ্য সন্নিবেশ করা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, অধীনস্ত অধিদপ্তর, পরিদপ্তর, মাঠ পর্যায়ের কার্যালয়, স্বায়ত্তশাসিত সংস্থা ও কর্পোরেশনে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীর বর্ণিত পূর্ণাঙ্গ ডাটা ছক অনুযায়ী সংগ্রহ ও সংকলন করে হার্ড কপি ও সফট কপি (.docx file) ই-মেইলে অনতিবিলম্বে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। ডাটা ছক (পিডিএফ ডাটা ছক ও ডাটা ছক ওয়ার্ড)

৯/৫/২০২৩

অমিতাভ পরাগ তালুকদার
উপসচিব
মোবাইলঃ +৮৮০১৭২১০৪৭৪৬৭
ইমেইলঃ ft2@mopa.gov.bd

সচিব
আইন ও বিচার বিভাগ

(দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন),
বিচার শাখা-৫)

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৮.৯৯.০০১.২১.১৭

তারিখঃ <u>২৬ বৈশাখ ১৪৩০</u>
০৯ মে ২০২৩

সদয় অবগতির জন্য:
১) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
২) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় ও এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট, জনপ্রশাসন মন্ত্রণালয়
৩) যুগ্মসচিব, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়, সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য
৫) অফিস কপি।

৯/৫/২৩

অমিতাভ পরাগ তালুকদার
উপসচিব

DATA CHART FOR SDG 16.7.1 (b)

**GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH**

Ministry/Division: ______________________________

Name of the office: ______________________________

| Grade | Total Employees | Sex | | Age Group | | Religious Affiliation | | | | | Disabled | Minor Ethnic Sect |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Male | Female | Up to 34 yrs. | Above 34 yrs. | Islam | Hinduism | Buddhism | Christianity | Others | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 |
| Grade 5 and above | | | | | | | | | | | | |
| Grade 6-20 | | | | | | | | | | | | |
| Grand Total | | | | | | | | | | | | |

Officer's signature, seal and Telephone